

কেয়ারার পাসপোর্ট

# Carer Passport











ওয়েন্ডি, নাটালি
এবং জেক

# আপনি কি কাউকে পরিচর্যা [কেয়ার] প্রদান করছেন?

## কারো পরিচর্যার কাজে নিয়োজিত পরিবার ও বন্ধুদের জন্য কেয়ারার পাসপোর্ট

### সূচনা

ট্রাস্টে আমরা কেয়ারের কাজকে মূল্যায়ন করি এবং পরিচর্যা করার কাজে বিশেষজ্ঞ অংশীদার হিসেবে আমরা তাদের সাথে একত্রে কাজ করতে প্রতিশ্রুতিবদ্ধ। আমরা আমাদের হাসপাতালে কেয়ারারের কাজকে স্বীকৃতি দেওয়া এবং তাদের চাহিদা বুঝতে পারার সংস্কৃতির প্রসার ঘটাতে চাই।

আপনার পরিচর্যার উপর নির্ভরশীল কোন ব্যক্তিকে যখন হাসপাতালে ভর্তি করা হয়, তখন অনিবার্যভাবেই আপনি তার জন্য উদ্বিগ্ন হবেন।

এমতাবস্থায় আপনি ঐ ব্যক্তির পরিচর্যা অব্যাহত রাখবেন - এমন কোন প্রত্যাশা থাকে না, এক্ষেত্রে হাসপাতালের কর্মীরা তাদের দেখাশোনা করার জন্য এখানে রয়েছেন।

তবে আপনি একজন কেয়ারারের অধিকারে এখানে থাকতে পছন্দ করতে পারেন এবং তাকে পরিচর্যা প্রদানের জন্য হাসপাতালের কর্মীদের সাথে কাজ করতে পারেন।

আপনি যদি একজন রোগী হাসপাতালে থাকা অবস্থায় তার পরিচর্যায় সহায়তা প্রদান করার জন্য এখানে থাকেন, তাহলে আমরা আপনার জন্য কেয়ারার পাসপোর্টের ব্যবস্থা করব।

এটি আপনাকে আপনার আত্মীয়, জীবন সঙ্গী, বন্ধুকে পরিচর্যা করার জন্য অতিরিক্ত সহায়তা দেবে এবং আপনাকে বিভিন্ন ধরনের ছাড় পেতে সক্ষম করবে।

এই হাসপাতালে থাকার জন্য কেয়ারার পাসপোর্ট পার্টনারশিপ এগ্রিমেন্ট পূরণ করতে, অনুগ্রহ করে ওয়ার্ডের যে কোন একজন স্টাফের সাথে কথা বলুন, এবং ওয়ার্ডের ম্যানেজার বা দায়িত্বে থাকা নার্স আপনার সাথে কথা বলতে আসবেন, তারা আপনার ব্যক্তিগত চাহিদা নিয়ে আলোচনা করবেন।

প্রত্যেকবার হাসপাতাল পরিদর্শনের সময় হালনাগাদকৃত একটি নথিতে স্বাক্ষর করতে হবে।

পরিবারের কোনো সদস্য বা বন্ধু অসুস্থ হলে, বয়স্ক বা প্রতিবন্ধী [ডিজঅ্যাবল] হয়ে পড়লে এবং তার সহায়তার প্রয়োজন হলে, আপনি তখন তাদের বিনা বেতনে সাহায্য ও সহায়তা দিতে পারবেন।

এই সাহায্য-সহায়তার মধ্যে থাকতে পারে
তাদের জন্য কেনাকাটা করা, পরিষ্কার করা,
রান্না করা, জামাকাপড় ধোয়া,
ওষুধ খাওয়ানোতে সহায়তা করা,
অ্যাপয়েন্টমেন্টে নিয়ে যাওয়া।

এছাড়াও ঘোরাফেরা করাতে, মানসিকভাবে সমর্থন যোগাতে, পরিচর্যার ব্যবস্থা ও পরিচর্যা যাচাই করতে, মিটিংয়ে যোগদান করতে, আর্থিক সহায়তা করতে এবং ধোয়া/গোসল করাতে বা তার পক্ষে কথা-বার্তা বলে যোগাযোগ করতে সাহায্য করতে পারেন।

**আপনি যদি কাউকে তার অসুস্থতার জন্য বা প্রতিবন্ধী হয়ার জন্য সাহায্য করেন, তাহলে আপনি একজন কেয়ারার।**

## কেয়ারার পাসপোর্টের উদ্দেশ্য কী?

কেয়ারার পাসপোর্ট যা করতে পারে, তা হলোঃ

- কেয়ারারের পরিচয় পেতে সাহায্য করে এবং তাকে সহায়তা করে।
- পরিচর্যায় সচেতনতা বাড়ায়।
- স্পষ্ট ভাবে সহায়তা করতে দেয়।
- একজন রোগীরর জীবনে একজন কেয়ারার কতটা গুরুত্বপূর্ণ, তার স্বীকৃতি প্রদান করে।
- ম্যানেজার বা মূল পেশাদারদের তথ্য প্রদান করে।
- স্থানীয় আলোচনায় এবং সমর্থনে সাহায্য করতে পারে।

## কেয়ারারের জন্য সহায়তা

কাউকে পরিচর্যা করলে, তা ফলপ্রসূ হতে পারে, কিন্তু এই পরিচর্যা করা চ্যালেঞ্জিংও হতে পারে, তবে গুরুত্বপূর্ণ বিষয় হলো যে, একজন কেয়ারার হিসেবে আপনাকে যথাযথ সহায়তা প্রদান করা। কেয়ারার সেন্টার আপনার পরিচর্যার ভূমিকার জন্য আপনাকে সহায়তা করার জন্য বিভিন্ন ধরণের সেবা প্রদান করে।

এই সেবার অন্তর্ভুক্ত রয়েছেঃ

- তথ্য ও পরামর্শ প্রদান করা
- সুবিধাদির পরামর্শ প্রদান করা
- শিক্ষা ও কর্মসংস্থান পেতে সাহায্য করা
- হোলিস্টিক থেরাপি।
- কেয়ারারের ইমারজেন্সি কার্ড।
- কাউন্সেলিং করা।
- সামাজিক গ্রুপ যুক্ত হওয়া।

লিভারপুল, সেফটন এবং নোজলে কেয়ারার সেন্টারের যোগাযোগের বিস্তারিত বিবরণ এই লিফলেটের পিছনে দেওয়া আছে।

আপনি যদি উল্লেখিত এলাকার বাইরে থাকেন, তাহলে আপনার কাছাকাছি একটি কেয়ারার সেন্টার খুঁজে পেতে ভিজিট করুনঃ

আপনার স্থানীয় কেয়ারার সেন্টার আপনাকে আপনার এলাকায় উপলব্ধ সেবা খুঁজে পেতে সাহায্য করতে পারে।

কেয়ারার সেন্টারগুলো আপনাকে কেয়ারার মূল্যায়নে সাহায্য করতে পারে।

কেয়ারার মূল্যায়নের বিবরণ শেয়ার করা হয় না এবং সুবিধাদিতে [বেনিফিট] কোনো প্রভাব ফেলে না। কেয়ারার সেন্টার ব্যবহার করার জন্য মূল্যায়ন সম্পন্ন করা আবশ্যক নয়।

## আপনার জিপির পক্ষ থেকে সহায়তা

পরিচর্যার দায়িত্ব পালনের ফলে মাঝে মাঝে আপনার নিজের শারীরিক ও মানসিক সুস্থতার উপর প্রভাব ফেলতে পারে।

আপনার জিপি সার্জারিতে আপনাকে একজন কেয়ারার হিসেবে শনাক্ত করা হলে সার্জারির স্টাফ আপনাকে সহায়তা করবে।

একজন কেয়ারার হিসেবে আপনাকে নির্দিষ্ট টিকা দিতে বলা হতে পারে বা আপনার স্বাস্থ্য পরীক্ষা করার জন্য তারা বলতে পারে।

## কেয়ারারের মূল্যায়ন বলতে কী বুঝায়?

একজন কেয়ারারের মূল্যায়ন হল, একজন কেয়ারার হিসেবে আপনার কথা বলার সুযোগ দেওয়া এবং আপনার কোনো সহায়তা বা সেবার প্রয়োজন হতে পারে, এমন বিষয় খুঁজে বের করার সুযোগ পাওয়া। আপনার স্থানীয় কাউন্সিল বা কাউন্সিলের সাথে কাজ করে - এমন কোন সংস্থা, যেমন আপনার স্থানীয় কেয়ারার সেন্টারের কেউ আপনাকে একজন কেয়ারার হিসেবে মূল্যায়ন করবেন।

আপনার পরিচর্যার দায়িত্ব পালনের ফলে কীভাবে তা আপনার শারীরিক ও মানসিক স্বাস্থ্য, কাজ, অবসর সময় এবং দাম্পত্য সম্পর্ক প্রভাবিত করবে, তা মূল্যায়নে অনুসন্ধান করা হবে।

মুখোমুখি বসে সাধারণত মূল্যায়ন করা হয়, কিন্তু মাঝে মাঝে ফোনে বা অনলাইনেও এটি সম্পন্ন করা হয়।

কেয়ারার মূল্যায়নের ফলাফলগুলোর মধ্যে একটি হতে পারে, আপনার পরিচর্যার দায়িত্ব পালন থেকে ছুটি পাওয়ার একটি উপায় খুঁজে পাওয়া।

আরও তথ্যের জন্য আপনার স্থানীয় কেয়ারার সেন্টারের সাথে যোগাযোগ করুন বা ভিজিট করুনঃ
https://carers.org



## আপনি যখন ট্রাস্টে কেয়ারার সাপোর্ট প্রদান করেন

একজন কেয়ারার হিসেবে দায়িত্ব পালনকালে আমাদের আপনাকে কী ধরণের সহায়তা করার প্রয়োজন হতে পারে, তা জানতে আমরা আপনাকে জিজ্ঞাসা করব এবং আপনাকে সহায়তা করতে বা প্রাসঙ্গিক সহায়তা খুঁজে পেতে সাহায্য করার জন্য সচেষ্ট হব।

এর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারেঃ

- আমরা রোগীকে ডিসচার্জের পরিকল্পনার করার সময় আপনার চাহিদা ও সামর্থ্য বিবেচনায় নেওয়া নিশ্চিত করবো।
- রোগীকে ডিসচার্জের করার আগে আপনাকে জন্য প্রস্তুত করতে এবং নতুন বা জটিল পরিচর্যার কাজে আত্মবিশ্বাসী হতে সাহায্য করতে আপনাকে প্রশিক্ষণ ও শিক্ষার সুযোগ দেওয়া হবে।
- অনুরোধ করা হলে রাতে থাকার সম্ভাবনা পর্যালোচনা করা হবে।

## জন'স ক্যাম্পেইন

ডিমেনশিয়া আক্রান্ত ব্যক্তিদের কেয়ারারের জন্য ট্রাস্ট জন'স ক্যাম্পেইনের কাছে প্রতিশ্রুতিবদ্ধ।

ডিমেনশিয়া আক্রান্ত ব্যক্তিদের হাসপাতালে তাদের কেয়ারারের দ্বারা সহায়তা পাওয়ার অধিকারের জন্য এবং কেয়ারার চাইলে তাদের সাথে রাতে থাকার সম্ভাবনাকে সহায়তা করা হবে। উল্লেখ্য যে, এটি কেয়ারারের দায়িত্ব নয়, বরং এটি তাদের পছন্দ।

আমরা যা যা অফার করতে পারিঃ

- ওয়ার্ডে নিয়মিত গরম পানীয় দেওয়া।
- পরিদর্শন করার সময় নমনীয় করা।
- গাড়ি পার্কিংয়ে ছাড় দেওয়া যেতে পারে (অনুগ্রহ করে ওয়ার্ড ম্যানেজার/ভারপ্রাপ্ত নার্সের সাথে কথা বলুন)।

## আমাদের কেয়ারার অঙ্গীকার

### কেয়ারার আমাদের সমান অংশীদার হিসেবে

আমরা নিশ্চিত করব যে, একজন কেয়ারার হিসেবে আপনি যে দায়িত্ব পালন করেন, তা আমাদের সব কর্মী মূল্যায়ন করবে। এছাড়া কেয়ারারকে সম্মান করা, তাদের কথা শোনা এবং তারা যা করেন, তা বুঝতে পারা নিশ্চিত করবো। যত তাড়াতাড়ি সম্ভব আমরা কেয়ারারকে চিনে নেবো।

### কেয়ারারকে সহায়তা করা

কেয়ার অ্যাক্ট 2014 এবং চিলড্রেন অ্যান্ড ফ্যামিলি অ্যাক্ট 2014-এর অধীনে একজন মূল্যায়ন করা কেয়ারার হিসেবে আপনার অধিকার সম্পর্কে আমরা আপনাকে অবহিত করব, একইসাথে উক্ত আইনের অধীনে আপনার জন্য উপলব্ধ সহায়তা ও পরামর্শদানকারী সেবা সংস্থার পরিসর সম্পর্কে তথ্য আপনাকে প্রদান করব।
আমরা আপনার চাহিদা পূরণের গুরুত্ব স্বীকার করি এবং যখন আপনার প্রয়োজন হবে, তখন আপনাকে ওয়ার্ড থেকে বিরতি নিতে সহায়তা করব।

### কম বয়সী তরুণ কেয়ারার

আমরা তরুণ কেয়ারারদের জড়িত করা নিশ্চিত করবো এবং আপনাকে সহায়তা করার জন্য কাজ করব। এছাড়া আমাদের রোগীদের স্বাস্থ্যের ক্ষেত্রে আপনি যে মূল্যবান ভূমিকা পালন করবেন, আমরা তার স্বীকৃতি দিব।

### তথ্য শেয়ার করা

প্রাসঙ্গিক সম্মতি নিয়ে আমরা সময়োপযোগী, উপযুক্ত এবং প্রবেশযোগ্য তথ্য প্রদান করব। গোপনীয়তার প্রয়োজনীয়তা মেনে আমরা আপনাকে সিদ্ধান্ত গ্রহণে জড়িত করব।

### [দাবীর প্রতি] সোচ্চার থাকা

আমাদের সেবা দানের পরিকল্পনা প্রণয়নে এবং সেবাদানের সাথে যুক্ত কেয়ারারদের কথা শোনা এবং তাদেরকে পরিচর্যায় জড়িত করা নিশ্চিত করবো।

### ডিসচার্জ [হাসপাতাল থেকে ছেড়ে দেওয়া]

আমরা আপনাকে যথাযথভাবে ডিসচার্জ পরিকল্পনায় অন্তর্ভুক্ত করব এবং পরিচর্যা ও ওষুধ সংক্রান্ত বিষয়ে তথ্য প্রদান করব।

## আমি কীভাবে মন্তব্য, উদ্বেগ বা অভিযোগ জানাতে পারি?

আপনার অভিজ্ঞতা সম্পর্কে আমাদের জানান, তা যত বড় বা ছোট হোক না কেন, আমরা আপনার মতামতের মূল্য দিই।

একজন কেয়ারার হিসেবে আপনি বিভিন্নভাবে আপনার মন্তব্য, উদ্বেগ বা অভিযোগ জানাতে পারেনঃ

### সশরীরে উপস্থিত হয়ে

- আপনার মতামত এবং যদি কোন উদ্বেগ থাকে, তাহলে ওয়ার্ড বা বিভাগের স্টাফ সদস্যদেরকে অবহিত করুন। তারা সমস্যা সমাধানের চেষ্টা করবেন।
- আপনি যদি অনানুষ্ঠানিক ভিত্তিতে এমন কারো সাথে যোগাযোগ করতে চান - যিনি আপনার প্রাপ্ত পরিচর্যার সাথে জড়িত নন, তাহলে আপনি পেশেন্ট এডভাইস এন্ড লিয়েজন টিমের (PALS) সাথে কথা বলতে পারেন।

### টেলিফোনে

ওয়ার্ড ম্যানেজার বা বিভাগ বা পেশেন্ট এক্সপেরিয়েন্স টিমকে টেলিফোন করেঃ
**টেলিফোন নংঃ 0151 678 5111 Ex 2709**

ইমেইল করে, ইমেইল ঠিকানাঃ
**wuth.patientexperience@nhs.net**

আমরা আপনার ফিডব্যাক দিতে উৎসাহিত করি ও এজন্য আপনার প্রশংসা করি। আমরা জানি যে আপনি আমাদের সাথে আপনার অভিজ্ঞতা শেয়ার না করলে, আমরা আমাদের সেবার মান উন্নত করতে পারব না।

ডিসচার্জের সময় আমাদের রোগী ফ্রেন্ড এন্ড ফ্যামিলি টেস্ট সম্পন্ন করে তাদের ফিডব্যাক জানাতে পারে - হাসপাতাল থেকে ডিসচার্জ করার পর তাদের কাছে একটি টেক্সট ম্যাসেজ বা স্বয়ংক্রিয় ভয়েস কল পাঠানো হয়, এটি সম্পন্ন করে ফিডব্যাক দেওয়া যাবে।

রোগী নিজে যদি এভাবে ফিডব্যাক দিতে না পারেন, তবে রোগীর আত্মীয়স্বজন অথবা কেয়ারারকে এটি সম্পন্ন করতে সহায়তা করতে উৎসাহিত করা হচ্ছে।

## পরিচর্যা করতে আমাদেরকে সাহায্য করুন

আমাদের সব রোগীদেরকে সর্বোত্তম সেবা প্রদানের স্বার্থে আমরা আপনাকে অনুরোধ করছি যে, আপনিঃ

- আমাদের সংক্রমণ নিয়ন্ত্রণ নির্দেশিকা মেনে চলুন, হাসপাতালে ঢোকার সময় এবং বের হওয়ার সময়: নিয়মিত হাত ধৌত করুন,
  হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করুন এবং সংক্রমণের ঝুঁকি কমাতে উপযুক্ত ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE) পরিধান করুন। ওয়ার্ডের কর্মীরা আপনাকে পরামর্শ ও নির্দেশনা দিবেন।
- পরিদর্শনের সময় মদ্যপান করবেন না বা হাসপাতাল প্রাঙ্গনে ধূমপান করবেন না।
- নিরাপত্তাজনিত কারণে, অনুগ্রহ করে ওয়ার্ড টিমকে জিজ্ঞাসা না করে ওয়ার্ডে কোনো দর্শনার্থী নিয়ে আসবেন না।



ডেবরা এবং অ্যান্ড্রু

# কেয়ারার পার্টনারশিপ চুক্তি

**আত্মীয় এবং/অথবা কেয়ারার হিসেবেঃ**

**এই মর্মে সম্মত হওয়া গেছে যেঃ**

প্রাথমিক কেয়ারার (নাম)

অতিরিক্ত কেয়ারার (নাম)

*(প্রযোজ্য না হলে মুছে ফেলুন)*

- ☐ পরিদর্শনের সাধারণ সময়ের বাইরে পরিদর্শন করতে পারবেন।
- ☐ ধোয়া এবং জামা-কাপড় পরিধানে সহায়তা প্রদান করতে পারবেন।
- ☐ খাওয়াতে সহায়তা করতে পারবেন।
- ☐ সংশ্লিষ্ট রোগীর ব্যাপারে একজন কেয়ারার হিসেবে টিম মিটিং আলোচনায় সক্রিয়ভাবে অংশগ্রহন করতে পারবেন, এবং উপযুক্ত ক্ষেত্রে ডিসচার্জ পরিকল্পনায় যুক্ত হতে পারবেন।
- ☐ তিনি কেয়ারার হিসেবে হাসপাতালে যে ব্যক্তির পরিচর্যা করেন, তার অপারেশন/চিকিৎসা করার সময় তাকে সহায়তা প্রদান করুন।
- ☐ কেয়ারার হিসেবে সংশ্লিষ্ট রোগীর প্রয়োজন অনুসারে তিনি দিনে এবং/অথবা রাতে তার সাথে থাকতে পারবেন।

*অতিরিক্ত কোন অনুরোধ করতে হলে বা কোন প্রয়োজনীয়তা নিয়ে আলোচনা করতে হলে, আপনাকে ওয়ার্ড ম্যানেজার বা ভারপ্রাপ্ত নার্সের সাথে আলোচনা করতে হবে।*

- আমি পরিদর্শনের সাধারণ সময়ের বাইরে ওয়ার্ডে প্রবেশ করছি বা ওয়ার্ড ত্যাগ করছি মর্মে স্টাফকে জানাবো এবং আমি জানি যে, মাঝে মাঝে, ক্লিনিকের আবশ্যকতা থাকলে আমাকে ওয়ার্ড বা বে ছেড়ে চলে যেতে বলা হতে পারে।
- আমি সম্মত হয়েছি যে, আমি যদি খাওয়ানো, ধোয়া বা চলাফেরার জন্য সাহায্য করি, সেইক্ষেত্রে কর্মীরা তাদের ক্লিনিকের দায়িত্ব পালনের জন্য আমার সাথে কাজ করতে পারবেন।

**** এই চুক্তিপত্র শুধুমাত্র এই হাসপাতাল পর্বের জন্য বৈধ।***

- এই চুক্তিপত্রটি রোগী হাসপাতালে থাকাকালীন সময়ের জন্য কার্যকর থাকবে এবং সেই অনুযায়ী পর্যবেক্ষণ/পর্যালোচনা করা হবে। এমন পরিস্থিতি হতে পারে যখন কেয়ারার চুক্তিটিকে মানানসই করার প্রয়োজন হতে পারে বা স্থগিত করা হতে পারে এবং এরূপ হলে সংশ্লিষ্ট সকল পক্ষের সাথে আলোচনা করা হবে।
- অনুগ্রহ করে জেনে রাখুন যে, এনএইচএসের [NHS] কোনো নির্দেশিকা অনুসারে বা জাতীয় নীতির আলোকে এই চুক্তি প্রত্যাহার করা হতে

**স্বাক্ষর (কেয়ারার)**

**অনুমোদন করেছেন**

ওয়ার্ড ম্যানেজার ☐

দায়িত্বপ্রাপ্ত নার্স ☐

**ওয়ার্ড**

**তারিখ**

**চুক্তিপত্রটি সম্পাদিত হয়ে গেলে এর একটি অনুলিপি কেয়ারার/দেরকে কেয়ারার কার্ড সহ প্রদান করা হবে।**

**চুক্তিপত্রের একটি অনুলিপি ট্রাস্টে রাখা হবে।**

# তথ্যের আরও উৎস

## কেয়ারার সেন্টার এবং কেয়ারার সাপোর্ট

### কেয়ারার্স ট্রাস্ট চেশায়ার এবং ওয়ারিংটন
ওয়েবসাইটঃ
www.cheshireandwarringtoncarers.org
টেলিফোনঃ 0300 102 0008
ইমেইলঃ
advice@cheshireandwarringtoncarers. org

### চেশায়ার ইস্ট কেয়ারার হাব
টেলিফোনঃ 0300 030 0208
ইমেইলঃ enquiries@cheshireeastcarershub.
co.uk

### হাল্টন কেয়ারার সেন্টার
ওয়েবসাইটঃ https://haltoncarers.co.uk
https://www4.halton.gov.uk/Pages/
adultsocialcare/pdf/carerspack.pdf
টেলিফোনঃ 01928 580 182
ইমেইলঃ help@haltoncarers.co.uk

### আইল অব ম্যান
ওয়েবসাইটঃ www.carersuk.org/help-and-advice/ get-support/local-support/isle-of-man- carers-centre

### নোসলে কেয়ারার সেন্টার
ওয়েবসাইটঃ
www.knowlseycarers.co.uk
টেলিফোনঃ 0151 549 1412

### লিভারপুল কেয়ারার সেন্টার
লোকাল
সলিউশনটেলিফো
নঃ 0151 709 0990

### সেফটন কেয়ারার সেন্টার
ওয়েবসাইটঃ www.sefton-
carers.org.uk টেলিফোনঃ 0151
288 6060

### সেন্ট হেলেন্স কেয়ারার সেন্টার
ওয়েবসাইটঃ
www.sthelenscarers.org.uk/contact. html
টেলিফোনঃ 01744 675 615

### ওয়ারিংটন কেয়ারার সেন্টার (WIRED)
টেলিফোনঃ 01925 633 492
ইমেইলঃ warrington.carers@wired.me.uk

### উইরাল কেয়ারার সাপোর্ট (WIRED)
টেলিফোনঃ 0151 670 0777
টেক্সটঃ CARERS to 87007
ইমেইলঃ cws@wired.me.uk

### হাল্টন কেয়ারার সেন্টার
ওয়েবসাইটঃ
https://haltoncarers.co.uk
টেলিফোনঃ 01928 580 182
ইমেইলঃ help@haltoncarers.co.uk

## তরুণ কেয়ারার

### হাল্টন ইয়াং কেয়ারার সেন্টার
টেলিফোন: 01928 580 182

### নোসলে ইয়াং কেয়ারার সার্ভিস
টেলিফোনঃ 0151 443 5059

### লিভারপুল বার্নার্দো'স অ্যাকশন উইথ ইয়াং কেয়ারার
টেলিফোনঃ 0151 228 4455

### সেন্ট হেলেনস ইয়াং কেয়ারার
টেলিফোনঃ 01744 677 279

### সেফটন ইয়াং কেয়ারার
টেলিফোন: 0151 288 6060

### ওয়ারিংটন ইয়াং কেয়ারার্স সার্ভিস (WIRED)
টেলিফোনঃ 01925 633 492
ইমেইলঃ wycadmin@wired.me.uk

## কেয়ারার্স সাপোর্ট অর্গানাইজেশন

### কেয়ারার্স ডাইরেক্ট
টেলিফোন: 0300 123 1053

### কেয়ারার্স ইউকে
ওয়েবসাইটঃ
http://www.carersuk.org/
টেলিফোন: 0800 808 7777

## স্পেশালিষ্ট সাপোর্ট সার্ভিস [বিশেষজ্ঞ সহায়তা পরিষেবা]

**আপনার যদি জরুরী চিকিৎসা সমস্যা দেখা দেয়, কিন্তু আপনি কী করবেন, তা নিশ্চিত নন তাহলে NHS 111 ফোন করলে সাহায্য পেতে পারেন।**

**এইজ ইউকে**
জাতীয় হেল্পলাইন এবং আপনার স্থানীয় শাখা খুঁজে পেতে ফোন করুন
টেলিফোন নংঃ 0800 055 6112

**এইজ ইউকে - চেশায়ার**
টেলিফোন: 01606 881 660
ইমেইলঃ admin@ageukcheshire.org.uk

**এইজ ইউকে - চেশায়ার ইস্ট**
টেলিফোনঃ 01625 612 958
ইমেইলঃ enquiries@ageukce.org

**এইজ ইউকে - লিভারপুল এবং সেফটন**
টেলিফোনঃ 0151 330 5678

**এইজ ইউকে - মিড মার্সি (নোসলে সহ)**
টেলিফোন: 0300 003 1992

**অ্যাডমিরাল নার্স**
ওয়েবসাইটঃ
http://www.dementiauk.org/get-support/admiral-nursing/

**আলঝাইমার সোসাইটি**
ওয়েবসাইটঃ https://www.alzeimers.org.uk/

**আলঝাইমার সোসাইটি - ইস্ট চেশায়ার**
টেলিফোন: 0300 369 0570
ইমেইলঃ cheshire@alzheimers.org.uk

**আলঝাইমার সোসাইটি নোসলি**
টেলিফোন: 0151 426 4433

**আলঝাইমার সোসাইটি - সেফটন**
টেলিফোন: 01704 539 967

**এপিলেপসি অ্যাকশন**
ওয়েবসাইটঃ
www.epilepsy.org.uk
টেলিফোনঃ 0808 800 5050

**ম্যাকমিলান ক্যান্সার সাপোর্ট, ওয়েবসাইটঃ**
www.macmillan.org.uk T: 0800 808 0000

**ম্যাগিস কেয়ার সাপোর্ট গ্রুপ**
ওয়েবসাইটঃ https://www.maggies.org/our-centres/ maggies-merseyside/

**এমএনডি অ্যাসোসিয়েশন**
ওয়েবসাইটঃ
www.mndassociation.org
টেলিফোনঃ 0808 802 6262

**মাল্টিপল স্ক্লেরোসিস সোসাইটি ইউকে**
ওয়েবসাইটঃ
www.mssociety.org.uk/
টেলিফোনঃ 0808 800 8000

**ন্যাশনেল ডিমেনশিয়া হেল্পলাইন**
টেলিফোনঃ 0300 222 1122

**নিউরোঅ্যালায়েন্স**
ওয়েবসাইটঃ
www.neural.org.uk/
টেলিফোনঃ 01923 882 590
ইমেইলঃ info@neural.org.uk

### স্পাইনাল ইনজুরি অ্যাসোসিয়েশন
ওয়েবসাইটঃ
www.spinal.co.uk
টেলিফোনঃ 0800 980
0501

### দ্যা ব্রেন চ্যারিটি
ওয়েবসাইটঃ
www.thebraincharity.org.uk
টেলিফোনঃ 0151 289 2999
ফ্রিফোনঃ 0800 008 6417

### টিআইডিই (টুগেদার ইন ডিমেনশিয়া এভরিডে)
ওয়েবসাইটঃ
www.tide.uk.net
টেলিফোনঃ 0151 237
2669

## লোকাল সোশ্যাল সার্ভিস

### চেশায়ার ইস্ট
ওয়েবসাইটঃ
https://www.cheshireeast.gov.uk/livewell/looking-after-someone/carers-of-adults/support-for-carers-of-adults.aspx T: 0300 123 5500

### চেশায়ার ওয়েস্ট এন্ড চেস্টার
ওয়েবসাইটঃ
https://www.cheshirewestandcheshire.gov.uk/residents/health-and-social-care/carers/carers.aspxওয়েবসাইটঃ 281Halton Adult Social Services

### হাল্টন অ্যাডাল্ট সোশ্যাল সার্ভিসেস
টেলিফোন: 0151 907 8306

### হাল্টন চিলড্রেন সোশ্যাল সার্ভিসেস
টেলিফোন: 0151 907 8305

### নোসলি
ওয়েবসাইটঃ
https://www.knowsley.gov.uk/residents/care/support-for-carers
Careline: 0151 443 2600

### লিভারপুল
ওয়েবসাইটঃ https://liverpool.gov.uk/adult-social- care/caring-for-someone/carers-support কেয়ারলাইন: 0151 233 3800

### নর্থ ওয়েলস
ওয়েবসাইটঃ https://www.newcis.org.uk/

### সেফটন কেয়ারলাইন
টেলিফোনঃ 0151 928 5908

### সেন্ট হেলেন্স সোশ্যাল কেয়ার এন্ড হেলথ
টেলিফোন: 01744 676 600

### ওয়ারিংটন অ্যাডাল্ট সোশ্যাল কেয়ার
ওয়েবসাইটঃ
https://www.warrington.gov.uk/carers
টেলিফোনঃ 01925 443 322

### ওয়েস্ট ল্যাঙ্কাশায়ার
ওয়েবসাইটঃ
https://www.lancashire.gov.uk/health- and-social-care/adult-social-care/getting- our-support/assessing-your-needs/

### উইরাল
ওয়েবসাইটঃ
https://www.wirral.gov.uk/health-and- social-care/adult-social-care/support-carers/support-available-carers/

## সিটিজেন এডভাইস সেন্টার

জাতীয় হেল্পলাইন এবং আপনার স্থানীয় শাখা খুঁজে পেতে ফোন করুন
টেলিফোন নংঃ 03444 111 444

**চেশায়ার ইস্ট**
টেলিফোনঃ 0800 144 88 48

**নোসলি**
টেলিফোনঃ 0300 330 9008

**লিভারপুল**
টেলিফোনঃ 0344 848 7700

**ম্যাকলসফিল্ড**
টেলিফোনঃ 01625 432 847

**সেফটন**
টেলিফোনঃ 0344 493 0012

## হেলথওয়াচ

**চেশায়ার ইস্ট**
টেলিফোনঃ 0300 323 0006

**হোল্টন**
টেলিফোনঃ 0300 777 6543

**নোসলি**
টেলিফোনঃ 0151 449 3954

**লিভারপুল**
টেলিফোনঃ 0300 777 7007

**সেফটন**
টেলিফোনঃ 0800 206 1304

**সেন্ট হেলেন্স**
টেলিফোনঃ 0300 111 0007

**ওয়ারিংটন**
টেলিফোনঃ 01925 644 202

**উইরাল**
ওয়েবসাইটঃ
www.healthwatchwiral.co.uk
টেলিফোনঃ 0151 230 8957



*ডোরিন এন্ড কেন*

**আমরা নোজলে কেয়ারার্স সেন্টার, কেয়ারার্স ভিশন, সেন্ট হেলেন্স, হাল্টন, সেফটন এবং লিভারপুল কেয়ারার্স সেন্টারের অবদানকে স্বীকৃতি দিচ্ছি। এছাড়া একইসাথে যেসব কেয়ারার ব্যক্তিত্ব এই কেয়ারের পাসপোর্টের উন্নয়নে সহযোগিতা করেছেন, তাদের অবদানকেও আমরা স্বীকৃতি দিচ্ছি।**

লিভারপুল ইউনিভার্সিটি হসপিটালস এনএইচএস ফাউন্ডেশন ট্রাস্ট এবং সেন্ট হেলেন্স ও নোসলে এনএইচএস ফাউন্ডেশন ট্রাস্টের পেশেন্ট এক্সপেরিয়েন্স টিম পূর্ববর্তী কাজ থেকে নথিটি তৈরি করেছে।

এই কেয়ারার পাসপোর্টটি মার্সেসাইড এবং চেশায়ার নেটওয়ার্কের আওতাধীন ট্রাস্ট কর্তৃক সহ-পরিকল্পনা এবং তৈরি করা হয়েছে, তাই স্থানীয়ভাবে স্বীকৃত ও অনুমোদিত হবেঃ

- চেশায়ার এবং উইরাল পার্টনারশিপ এনএইচএস ফাউন্ডেশন ট্রাস্ট
- কাউন্টেস অব চেস্টার হাসপাতাল এনএইচএস ফাউন্ডেশন ট্রাস্ট
- ইস্ট চেশায়ার এনএইচএস ট্রাস্ট
- লিভারপুল হার্ট অ্যান্ড চেস্ট হাসপাতাল এনএইচএস ফাউন্ডেশন ট্রাস্ট
- লিভারপুল বিশ্ববিদ্যালয় হাসপাতাল এনএইচএস ফাউন্ডেশন ট্রাস্ট
- লিভারপুল উমেন হাসপাতাল এনএইচএস ফাউন্ডেশন ট্রাস্ট
- মার্সি কেয়ার এনএইচএস ফাউন্ডেশন ট্রাস্ট
- মিড চেশায়ার হাসপাতাল এনএইচএস ফাউন্ডেশন ট্রাস্ট
- সেন্ট হেলেন্স এন্ড নোসলে টিচিং হাসপাতাল এনএইচএস ট্রাস্ট
- ক্ল্যাটারব্রিজ ক্যান্সার সেন্টার এনএইচএস ফাউন্ডেশন ট্রাস্ট
- ওয়ালটন সেন্টার এনএইচএস ফাউন্ডেশন ট্রাস্ট
- ওয়ারিংটন এন্ড হাল্টন টিচিং হাসপাতাল এনএইচএস ফাউন্ডেশন ট্রাস্ট
- উইরাল ইউনিভার্সিটি টিচিং হাসপাতাল এনএইচএস ফাউন্ডেশন ট্রাস্ট

অনুরোধ করলে অন্যান্য ভাষা, সহজে পাঠ্য, বড় মুদ্রণ, অডিও, ব্রেইল, মুন এবং ইলেক্ট্রনিকভাবে সহ বিকল্প বিন্যাসে সব ট্রাস্ট অনুমোদিত তথ্য পাওয়া যাবে

يمكن توفير جميع المعلومات المتعلقة بالمرضى الموافق عليهم من قبل ائتمان المستشفى عند الطلب بصيغ أخرى، بما في ذلك لغات أخرى وبطرق تسهل قراءتها وبالحروف الطباعية الكبيرة وبالصوت وبطريقة برايل للمكفوفين وبطريقة مون والكترونياً.

所有經信托基金批准的患者資訊均可以其它格式提供，包括其它語言、 易讀閱讀軟件、大字體、音頻、盲文、穆恩體（Moon）盲文和電子格式，敬請索取。

در صورت تمایل میتوانید کلیه اطلاعات تصویب شده توسط اتحادیّه در رابطه با بیماران را به اشکال مختلف در دسترس داشته باشید، از جمله به زبانهای دیگر، به زبان ساده، چاپ درشت، صوت، خط مخصوص کوران، مون و بصورت روی خطی  موجود است.

زانیاریی پێوەندیدار بەو نەخۆشانەی لەلایەن **تراستەوە** پەسەند کراون، ئەگەر داوا بکرێت لە فۆرماتەکانی تردا بریتی لە زمانەکانی تر، ئیزی رید (هاسان خوێندنەوە)، چاپی گەورە، شریتی دەنگ، هێلی موون و ئەلێکترۆنیکی هەیە.

所有经信托基金批准的患者信息均可以其它格式提供，包括其它语言、 易读阅读软件、大字体、音频、盲文、穆恩体（Moon）盲文和电子格式，敬请索取。

Dhammaan warbixinta bukaanleyda ee Ururka ee la oggol yahay waxaa marka la codsado lagu heli karaa nuskhado kale, sida luqado kale, akhris fudud, far waaweyn, dhegeysi, farta braille ee dadka indhaha la', Moon iyo nidaam eletaroonig ah.

এই কেয়ারার পাসপোর্ট অনুমোদন করেছেন

PL/5230/MI/কেয়ারার্সপাসপোর্ট

**কপি করবেন না**

আরও বেশি কপির জন্য পিএল [PL] নম্বর উল্লেখ করে মেডিকেল ইলাস্ট্রেশন বিভাগের সাথে যোগাযোগ করুন